ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/অধি-নবা/রং-২৭/২০১৬/ ১৪৮১১ তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

উত্তম জাফরগঞ্জ ফাজিল মাদরাসা, উপজেলা: সদর, জেলা: রংপুর -এর ফাজিল (স্নাতক) পাস বি.এ/বি.এস.এস স্তরে অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ কর্তৃক ০৪/১১/২০২৪ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সংবিবধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে ফাজিল (স্নাতক) পাস বি.এ/বি.এস.এস স্তর ০১.০৭.২০২৫ খ্রি. থেকে ৩০.০৬.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ:

১. মাদরাসার সকল শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
২. শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে ;
৩. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরীসহ পড়াশোনার জন্য অনুকুল পরিবেশ তৈরি করতে হবে ;
৪. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) শিক্ষকগণকে প্রতি সেমিস্টারে ৪ (চার) মাস অন্তর প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;
৫. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে শিক্ষক,কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করা;
৬. শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তিতে দক্ষতা অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৭. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে;
৮. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৯. মাদরাসার অবকাঠামো সংস্কার করে পাঠদান উপযোগী করে গড়ে তুলতে হবে;
১০. শিক্ষকসহ অন্যান্য কর্মচারীদের শূন্যপদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১১. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে;
১২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর- এর অনুমোদনক্রমে

১৫/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
উত্তম জাফরগঞ্জ ফাজিল মাদরাসা
সদর, রংপুর ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ রং-২৭/২০১৬/১৪৮১১ তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, উত্তম জাফরগঞ্জ ফাজিল মাদরাসা, সদর, রংপুর ।
৭। অফিস নথি।

১৫.০৭.২৫

(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৬৭৯-৮৬৮৬৬৩